# গুলিতে হত্যা, গ্রেফতার আর মানবাধিকার মিশনের দ্বিচারিতা নিয়ে প্রশ্ন সাংবাদিক জুলকারনাইনের



অনুসন্ধানী সাংবাদিক জুলকারনাইন সায়ের: সংগৃহীত ছবি

আল জাজিরার অনুসন্ধানী সাংবাদিক জুলকারনাইন সায়ের এক ফেসবুক পোস্টে বর্তমান সরকারের বিরুদ্ধে মানবাধিকার লঙ্ঘনের অভিযোগ তুলেছেন। তিনি দাবি করেছেন, সরকারের নির্দেশে সরকারি বাহিনী গুলি চালিয়ে মানুষ হত্যা করেছে এবং রাজনৈতিক উদ্দেশ্যপ্রণোদিতভাবে গণগ্রেফতার চালাচ্ছে।

আন্তর্জাতিক সংবাদমাধ্যম আল জাজিরার অনুসন্ধানী সাংবাদিক জুলকারনাইন সায়ের তার ব্যক্তিগত ফেসবুক পোস্টে লিখেছেন, “সরকারের নির্দেশে গুলি করে মানুষ হত্যা করলো সরকারি বাহিনী। ১৫ লক্ষ মানুষের একটি জেলায় কারফিউ জারি করে জনজীবন বিপর্যস্ত করা হলো। তারপর ব্লক রেইড চালিয়ে শুরু হলো গণগ্রেফতার, যা এখনো অব্যাহত রয়েছে। রাজনৈতিক উদ্দেশ্যে মানুষকে জড়ানো হচ্ছে সাজানো মামলায়।”

তিনি আরও উল্লেখ করেন, “এই পরিস্থিতির মধ্যেই সরকার তাদের প্রেস উইংয়ের মাধ্যমে দাবি করছে—তারা নাকি মানবাধিকার সুরক্ষা ও উন্নয়নে সহায়তা দিতে একটি মানবাধিকার মিশন চালু করছে। হোয়াট এ মকারি!”